গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুব্য-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

## "জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২১" উদ্‌যাপন উপলক্ষ্যে ২য় প্রস্তুতি সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ (কক্ষ নং-১০৪, ভবন নং-৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |
| তারিখ | : | ০৪ জানুয়ারি, ২০২১ |
| সময় | : | সকাল ০৯:৩০ ঘটিকা |
| সভাপতি | : | মোঃ মোহসীন, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী 'দুর্যোগ প্রস্তুতি দিবস ২০২১' এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি সংযুক্ত থাকবেন। অতঃপর তিনি মূল আয়োজক কমিটির সদস্য সচিব অতিরিক্ত সচিব (দুব্য-২) জনাব মোঃ মোয়াজ্জেম হোসেনকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (দুব্য-২) এজেন্ডা অনুসারে সভার কার্যক্রম শুরু করেন। আগামী ১০ মার্চ ২০২১ তারিখ 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২১' যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে গৃহীত বিভিন্ন কর্মসূচির বিষয়ে গঠিত কমিটিসমূহের কার্যক্রমের অগ্রগতি বিস্তারিতভাবে পর্যালোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | কেন্দ্রিয়ভাবে উদ্বোধনী ও আলোচনা অনুষ্ঠানস্থল নির্ধারণ এবং প্রধান অতিথি ও বিশেষ অতিথি নির্বাচন বিষয়ে আলোচনা। | ইতোমধ্যে ওসমানী স্মৃতি মিলয়াতন বিনা ভাড়ায় বরাদ্দ পাওয়া গেছে। 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২১' এর প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতির জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে সার-সংক্ষেপ প্রেরণ করা হয়েছে।<br>**বাস্তবায়নঃ অতিরিক্ত সচিব (দুব্য-২)।** |
| ২. | দিবসের প্রতিপাদ্য নির্ধারণঃ<br>প্রতি বছর দিবসটি সম্পর্কে এ মন্ত্রণালয় থেকে একটি প্রতিপাদ্য নির্ধারণ করা হয়ে থাকে। ইতোমধ্যে প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে। | 'জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস -২০২১' উপলক্ষ্যে নিম্নোক্ত শ্লোগানটি প্রতিপাদ্য হিসেবে নির্ধারণ করা হয়:<br>**"মুজিববর্ষের প্রতিশ্রুতি<br>জোরদার করি দুর্যোগ প্রস্তুতি"** |
| ৩. | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র, বন্যা আশ্রয় কেন্দ্র, জেলা ত্রাণ গুদাম কাম তথ্য কেন্দ্র এবং মুজিব কিল্লা উদ্বোধন সংক্রান্ত উপকমিটির কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা। | এ উপকমিটির আহবায়ক মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এ বিষয়ে সভাকে অবহিত করেন। তিনি জানান যে, এ সংক্রান্ত উপকমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উক্ত স্থাপনাগুলি উদ্বোধন করা হবে বিধায় তথ্য সম্বলিত প্রতিটি স্থাপনায় Stone লাগাতে হবে।<br>**বাস্তবায়নঃ সংশ্লিষ্ট উপকমিটি।** |
| ৪. | আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রস্তুত, আমন্ত্রণপত্র তৈরি ও বিতরণ, অতিথিদের অভ্যর্থনা ও আসন বিন্যাস উপকমিটির কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা। | এ উপকমিটির আহবায়ক অতিরিক্ত সচিব (প্রশাসন) এ বিষয়ে অগ্রগতি সভাকে অবহিত করেন। তিনি জানান যে, এ সপ্তাহের মধ্যে এ উপকমিটি সভা করবেন এবং আমন্ত্রিত অতিথিদের তালিকা ও আমন্ত্রণ পত্রের নমুনা প্রস্তুত করবেন। আগামী এক সপ্তাহের মধ্যে আমন্ত্রণ পত্রের তালিকা ও আমন্ত্রণ পত্রের নমুনা প্রস্তুত করতে হবে।<br>**বাস্তবায়নঃ সংশ্লিষ্ট উপকমিটি।** |

| নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ৫. | উদ্বোধনী অনুষ্ঠানের মঞ্চসজ্জা, আসন বিন্যাস, ব্যানার তৈরী, শব্দ ব্যবস্থাপনা, আইসিটি সম্পর্কিত ও ইভেন্ট ব্যবস্থাপনা, গেট নির্মাণ, ফোল্ডার তৈরী অতিথিদের ক্রেস্ট প্রস্তুতকরণ সংক্রান্ত উপকমিটির কার্যক্রমের অগ্রগতি পর্যলোচনা। | এ উপকমিটির আহবায়ক মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরএ বিষয়ে অগ্রগতি তুলে ধরেন। তিনি জানান যে, উপকমিটির একটি সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। 'দুর্যোগ প্রশমন দিবস ২০২০' এর জন্য যে মঞ্চ সজ্জা করা হয়েছিল তার চেয়ে আরো উন্নতমানের মঞ্চ সজ্জা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নঃ সংশ্লিষ্ট উপকমিটি। |
| ৬. | স্মারকগ্রন্থ প্রকাশনা উপকমিটি বিষয়ক আলোচনাঃ<br>এ বছর মুজিব শতবর্ষের থীমকে বিবেচনায় এনে একটি স্মারকগ্রন্থ প্রকাশের বিষয়ে উপকমিটির কার্যক্রমের অগ্রগতি আলোচনা। | উপকমিটির আহবায়ক অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় এ বিষয়ে অগ্রগতি জানান। তিনি জানান যে, এ পর্যন্ত প্রতিথযশা ১২/১৪ জন লেখকের কাছ থেকে লেখা সংগ্রহ করা হয়েছে। আগামী এক সপ্তাহের মধ্যে স্মারকগন্থের প্রথম খসড়া সচিব মহোদয়ের কাছে উপস্থাপন করতে হবে।<br><br>**বাস্তবায়নঃ সংশ্লিষ্ট উপকমিটি।** |
| ৭. | পুস্তিকা প্রকাশনা, ভিডিও ক্লিপ প্রদর্শন, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং সিপিপি স্বেচ্ছাসেবক পুরস্কার উপকমিটির কার্যক্রমের অগ্রগতি আলোচনা। | বর্ণিত উপকমিটির আহবায়ক, অতিরিক্ত সচিব (সিপিপি) মহোদয় সংশ্লিষ্ট বিষয়ের অগ্রগতি অবহিত করেন। তিনি জানান যে, এ দিবস উপলক্ষ্যে যে ভিডিও ক্লিপ প্রস্তুত করা হবে তার স্ক্রিপ্ট তৈরী করা হয়েছে। এ উপকমিটি নিম্নোক্ত ২টি বিষয়ে পুস্তিকা প্রকাশের কার্যক্রম গ্রহণ করেছেঃ<br><br>(ক) সিপিপি'তে নারীর ক্ষমতায়ন।<br>(খ) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত মুজিব কিল্লা, বন্যা আশ্রয়কেন্দ্র, ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র এবং জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র সংক্রান্ত তথ্য সম্বলিত পুস্তিকা।<br><br>এ দিবসে ২০ (বিশ) জন সিপিপি স্বেচ্ছাসেবক কে পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। American Red Cresent Society প্রত্যেক পুরস্কারপ্রাপ্ত স্বেচ্ছাসেবককে মেডেল, সার্টিফিকেট এবং ১০,০০০/- টাকার চেক স্পন্সর করবে। দ্রুত পুস্তিকা প্রকাশ, ভিডিও ক্লিপ এর কাজ সম্পন্ন করতে হবে।<br><br>**বাস্তবায়নঃ সংশ্লিষ্ট উপকমিটি।** |
| ৮. | সাংস্কৃতিক অনুষ্ঠান সংক্রান্ত উপকমিটির কার্যক্রমের অগ্রগতি আলোচনা। | এ সভায় এ সংক্রান্ত একটি নতুন উপকমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ কমিটির রূপরেখা নিম্নরূপঃ<br><br>(১) যুগ্মসচিব (সিপিপি)- আহবায়ক<br>(২) পরিচালক (প্রশাসন), সিপিপি- সদস্য<br>(৩) উপসচিব (অডিট)- সদস্য<br>(৪) উপসচিব (দুব্য-২)- সদস্য<br>(৫) পরিচালক (অপারেশন)- সদস্য সচিব।<br><br>এ উপকমিটির আহবায়ক সভায় অগ্রগতি সম্পর্কে অবহিত করেন। উদ্বোধনী অনুষ্ঠানের শেষে সিপিপি সাংস্কৃতিক ইউনিট কর্তৃক বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর একটি পালগান উপস্থাপন করবে। পালাগানের স্ক্রিপ্ট তৈরী করা হয়েছে। সভায় স্ক্রিপ্ট এর অডিও এবং হার্ডকপি উপস্থাপন করা হয়। পালাগানের স্ক্রীপ চূড়ান্ত করে আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>**বাস্তবায়নঃ সংশ্লিষ্ট উপকমিটি।** |

| | | |
|---|---|---|
| ৯. | ক্রোড়পত্র প্রকাশ এবং বাণীসমূহ প্রস্তুতকরণ সংক্রান্ত উপকমিটির কার্যক্রমের অগ্রগতি আলোচনা। | মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর সংশ্লিষ্ট বিষয়ে অগ্রগতি সভাকে অবহিত করেন। এ বছর ক্রোড়পত্রসমূহ তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে প্রকাশ করতে হবে।<br><br>বাস্তবায়নঃ সংশ্লিষ্ট উপকমিটি। |
| ১০. | সড়ক দ্বীপ সজ্জা, পোস্টার, লিফলেট প্রস্তুত ও বিতরণ নিশ্চিতকরণ উপকমিটির কার্যক্রমের অগ্রগতি আলোচনা। | এ উপকমিটির আহবায়ক, পরিচালক (প্রশিক্ষণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এ বিষয়ে অগ্রগতি অবহিত করেন। এ উপকমিটি বিভিন্ন NGO-দের এ সকল কার্যক্রমের সাথে সম্পৃক্ত করবে। আগামী ১০-০১-২০২১ তারিখে বিভিন্ন NGO'র সাথে সভা করবে বলে জানান।<br><br>এ বছর কোন লিফলেট বিতরণ করা হবেনা মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। পোষ্টার প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>**বাস্তবায়নঃ সংশ্লিষ্ট উপকমিটি।** |
| ১১. | রেডিও এবং টেলিভিশনে আলোচনা অনুষ্ঠান, গোলটেবিল বৈঠক আয়োজন এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার সংক্রান্ত উপকমিটির কার্যক্রমের অগ্রগতি আলোচনা। | এ উপকমিটির আহবায়ক, প্রকল্প পরিচালক (১৫ মিটার দৈর্ঘ পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্প), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এ বিষয়ে অগ্রগতি অবহিত করেন। 'দুর্যোগ প্রশমন দিবস-২০২০' এর ন্যায় এ দিবসেও এসকল কার্যক্রম গ্রহণ করা হবে।<br><br>**বাস্তবায়নঃ সংশ্লিষ্ট উপকমিটি।** |
| ১২. | ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক সচেতনতা বৃদ্ধি মহড়া সংক্রান্ত উপকমিটির কার্যক্রমের অগ্রগতি আলোচনা। । | এ উপকমিটির আহবায়ক, অতিরিক্ত সচিব (দুব্য-১), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় মহোদয় এ বিষয়ে অগ্রগতি তুলে ধরেন। এ বছর ঢাকায় চাঁদনীচক ও গাউছিয়া মার্কেটে এবং একটি বস্তিতে মহড়ার ব্যবস্থা করা হবে।<br><br>**বাস্তবায়নঃ সংশ্লিষ্ট উপকমিটি।** |
| ১৩. | অর্থ ও বাজেট উপকমিটির কার্যক্রমের অগ্রগতি আলোচনা। | এ উপকমিটির আহবায়ক, অতিরিক্ত সচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ বিষয়ে অগ্রগতি অবহিত করেন।<br><br>প্রত্যেক উপকমিটি আগামী ১০-০১-২০২১ তারিখের মধ্যে তাদের বাজেট এ উপকমিটির কাছে প্রেরণ করবে।<br><br>**বাস্তবায়নঃ সংশ্লিষ্ট উপকমিটি।** |
| ১৪. | উপস্থাপনা, উপস্থাপনার স্ক্রিপ্ট, খসড়া বক্তব্য তৈরি ও পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠবিষয়ক উপকমিটির কার্যক্রমের অগ্রগতি আলোচনা। | এ উপকমিটির আহবায়ক অতিরিক্ত সচিব (দুব্য-২), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ বিষয়ক বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন। তিনি জানান যে, এ উপকমিটি ইতোমধ্যে একটি সভা করেছে। এ উপকমিটির সদস্য সচিব উপসচিব (শরণার্থী সেল) বাণীসমূহ তৈরীর কাজ শুরু করেছেন। আগামী ১৫-০১-২০২১ তারিখের মধ্যে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি, বিশেষ অতিথি এবং সচিব মহোদয়ের বক্তব্যের খসড়া সচিব মহোদয় বরাবর উপস্থাপন করা হবে।নির্ধারিত সময়ের মধ্যেই উক্ত কাজ সম্পন্ন করতে হবে<br><br>**বাস্তবায়নঃ সংশ্লিষ্ট উপকমিটি।** |
| ১৫. | জেলা ও উপজেলা পর্যায়ে মুজিববর্ষে জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস ২০২১ উদ্‌যাপন এবং সোশ্যাল মিডিয়ায় প্রচার সংক্রান্ত উপকমিটির কার্যক্রমের অগ্রগতি আলোচনা। | এ উপকমিটির আহবায়ক মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এ বিষয়ক অগ্রগতি তুলে ধরেন। তিনি জানান যে, সকল জেলা ও উপজেলায় এ সংক্রান্ত কার্যক্রম গ্রহণের জন্য এ উপকমিটি কাজ শুরু করেছে। পূর্বের বছরসমূহের ন্যায় এ বছরও একই পরিমাণ বাজেট সকল জেলা ও উপজেলাকে প্রদান করা হবে।<br><br>ফেসবুক, ইউটিউবসহ মন্ত্রণালয় এবং অন্যান্য সকল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফেসবুক পেজে এ দিবসের কার্যক্রম এবং উদ্বোধনী অনুষ্ঠান প্রচার করা হবে।<br><br>**বাস্তবায়নঃ সংশ্লিষ্ট উপকমিটি।** |

| | | |
|---|---|---|
| ১৬. | আপ্যায়ন উপকমিটি বিষয়ক উপকমিটির কার্যক্রমের অগ্রগতি আলোচনা। | এ উপকমিটির আহবায়ক যুগ্মসচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ বিষয়ক অগ্রগতি তুলে ধরেন। এ কমিটি উদ্বোধনী অনুষ্ঠানে মোট ৮০০ জন অতিথিসহ মন্ত্রণালয় এবং অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের আপ্যায়নের কার্যক্রম গ্রহণ করেছে।<br><br>বাস্তবায়নঃ সংশ্লিষ্ট উপকমিটি। |
| ১৭. | আইন শৃংখলা রক্ষা, প্রচার ও প্রেস সংক্রান্ত উপকমিটির কার্যক্রমের অগ্রগতি আলোচনা। | এ উপকমিটির আহবায়ক অতিরিক্ত সচিব (প্রশিক্ষণ, সমন্বয় ও সংসদ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ বিষয়ক অগ্রগতি অবহিত করেন। এ উপকমিটি ইতোমধ্যে একটি সভা করেছে এবং জননিরাপত্তা বিভাগের একজন প্রতিনিধিকে এ উপকমিটিতে অর্ন্তভূক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।<br><br>**বাস্তবায়নঃ সংশ্লিষ্ট উপকমিটি।** |

২। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/১/২১

(মোঃ মোহসীন)
সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

নং-৫১-.০০.০০০০.৩২১.৩৮.০১৫.২০.(অংশ-১).১২/১(৫০)

তারিখ: ২৬ পৌষ, ১৪২৭ / ১০ জানুয়ারী ২০২১

**<u>বিতরণ (জ্যেষ্ঠতা/পদমর্যাদার ক্রমানুসারে নয়):</u>**

১. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।
২. অতিরিক্ত সচিব ----------------------------------(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা; আহবায়ক, ------------------------------------------কমিটি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/অধিদপ্তর, ঢাকা।
৩. সদস্য, ----------------------------------কমিটি/সদস্য সচিব,-------------------------------------কমিটি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪. পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৫. প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), উপকূলীয় ও ঘূর্ণিঝড় প্রবণ এলাকায় বহুমুখী আশ্রয় কেন্দ্র নির্মাণ (২য় পর্যায়), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬. প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), ১৫ মিঃ দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ" প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭. ড. এ এস এম মাকসুদ কামাল, উপ-উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. যুগ্মসচিব--------------------------------------- (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র নির্মাণ প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), বন্যাপ্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১১. প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), মুজিব কিল্লা নির্মাণ, সংস্কার ও উন্নয়ন প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১২. পরিচালক------------------------------------------- (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১৩. যুগ্মসচিব (প্রধান, শরণার্থী সেল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১৪. অধ্যাপক মাহবুবা নাসরিন,পরিচালক, Institute of Disaster Management & Vulnerability Studies, ঢাকা
বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৫. পরিচালক (অপারেশন),বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

১৬. পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), মগবাজার, ঢাকা।
১৭. সদস্য সচিব (সকল), --------------------------------------------------------------------------------- কমিটি।
১৮. উপসচিব-------------------------------------------------(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৯. উপ-পরিচালক-----------------------------------(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২০. পরিচালক (অপারেশন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), মগবাজার, ঢাকা।
২১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২২. সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৩. সিঃ সহকারী সচিব/সিঃ তথ্য কর্মকর্তা/সহকারী সচিব/সহঃ প্রধান/সহকারী প্রকৌশলী/সহকারী প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
২৪. সিষ্টেম এনালিষ্ট (আইসিটি সেল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণলায় ['জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০২১' উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতি সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশ, সংশিষ্ট সকলের নিকট ই-মেইলে প্রেরণ এবং presentation এর জন্য কক্ষটি প্রস্তুত করার অনুরোধসহ)।
২৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (পত্রটি ফ্যাক্স এবং মেইলযোগে সংশ্লিষ্টদের প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
২৬. অফিস কপি।

২৭/৭/২০২১

(কাজী তাসমীন আরা আজমিরী)
উপসচিব
ফোন: ৯৫৪০৩৪০, ০১৮৪১৩১৮৭৪৫
ইমেইল: ajmery2004@yahoo.com
dsdmmodmr@gmail.com